



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন -১
www.lgd.gov.bd



স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.২৭২.২৩.৬৩

তারিখ: ১০ মাঘ ১৪৩০

২৪ জানুয়ারি ২০২৪

বিষয়: রিট পিটিশন নং ৭৯৫২/২০২৩ মোকদ্দমাটি জেলা পরিষদ, চট্টগ্রাম-এর পক্ষে প্রতিদ্বন্দ্বিতাপূর্বক বিজ্ঞ আদালত কর্তৃক প্রদত্ত রুল ও আরজি মোতাবেক দফাওয়ারি জবাব ও ঘটনার প্রকৃত বিবরণীর প্রতিবেদনসহ প্রাসঙ্গিক সংশ্লিষ্ট যাবতীয় কাগজপত্র প্রেরণ।

সূত্র: হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ৭৯৫২/২০২৩-এর ০৬/০৮/২০২৩ খ্রি. তারিখের রুল।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম জেলা পরিষদের মালিকানাধীন জেলা পরিষদ সুপার মার্কেট, সরফভাটা, রাজশুনিয়া-এর বাণিজ্যিক দোকান (নীচ তলা: ১-৮ ও ২য় তলা: ২-৮) বরাদ্দ/ইজারার দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। ফলে পিটিশনার জনাব আবুল কালাম চৌধুরী সংস্কৃত হয়ে রিট পিটিশন নং ৭৯৫২/২০২৩ দায়ের করেন। মাননীয় হাইকোর্ট বিভাগ তর্কিত বিষয়ে ০৩(তিন) মাসের স্থিতাবস্থা বজায় রাখার আদেশ দিয়েছেন। এ মোকদ্দমায় স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়কে ১নং, চেয়ারম্যান, জেলা পরিষদ, চট্টগ্রাম-কে ২নং এবং প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, চট্টগ্রাম-কে ৪নং প্রতিপক্ষসহ মোট পাঁচ জনকে প্রতিপক্ষ করা হয়েছে।

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ৭৯৫২/২০২৩ মোকদ্দমাটি জেলা পরিষদ, চট্টগ্রাম-এর পক্ষে প্রতিদ্বন্দ্বিতাপূর্বক বিজ্ঞ আদালত কর্তৃক প্রদত্ত রুল ও আরজি মোতাবেক দফাওয়ারি জবাব ও ঘটনার প্রকৃত বিবরণীর প্রতিবেদনসহ প্রাসঙ্গিক সংশ্লিষ্ট যাবতীয় কাগজপত্র সত্যায়িত করে দুই সেট পত্র প্রাপ্তির অনধিক ১৫(পনের) কার্যদিবসের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে.....পাতা। (8226/potrojariAttachmentRef/52617/0/2240)

২৪-১-২০২৪

পূর্ববী গোলদার

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ০২৫৫১০০৯৯৫

ইমেইল: lglaw1@lgd.gov.bd

চেয়ারম্যান

জেলা পরিষদ, চট্টগ্রাম


স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.২৭২.২৩.৬৩/১(৫)

তারিখ: ১০ মাঘ ১৪৩০

২৪ জানুয়ারি ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) উপসচিব, জেলা পরিষদ শাখা, স্থানীয় সরকার বিভাগ
- ২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৩) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিবের অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ



২৪-১-২০২৪

পূর্ববী গোলদার

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)